

ছড়া কবিতা: ভালোবাসা তাহার জন্য

যে থাকে আশে-পাশে,
তার তরে মন ভাসে।

যে থাকে দূরে দূরে,
তার জন্যও মন পুরে।

যাকে দেখি নাই কভু,
তাহাতেও মন কাঁদে তবু।

টুকরা করেছে যে মন ভেঙ্গে,
তার জন্যও প্রেম সারা অঙ্গে।

ভালোবাসায় আছে যে জন,
ধোকা দিলেও হলো কী এমন।

ভাবি বসে বসে, জাগে মনে ক্ষণে,
সহায় হবে সে আমার যাপিত জীবন রণে।

নাই-বা আসুক, তবু ভালোবাসি।
উদার মনে প্রেম পিরিতি, আছে ঠাসাঠাসি।